Bengali

HM Government




# ১লা জুলাই 2007 তারিখে নতুন ধোঁয়াহীন (স্মোকফ্রী) আইনের জন্য প্রস্তুত হওয়ার উদ্দেশ্যে আপনার যা কিছু দরকার

SMOKEFREE

NHS

# নতুন ধোঁয়াহীন (স্মোকফ্রী) আইন
# সম্বন্ধে দ্রুত নির্দেশিকা

- রবিবার, 1লা জুলাই 2007 তারিখে ইংল্যান্ড ধোঁয়াহীন হয়ে যাবে। পরোক্ষভাবে (অন্যের থেকে) পাওয়া ধোঁয়ার ক্ষতিকারক প্রভাবের থেকে কর্মচারী ও জনসাধারণকে রক্ষা করার উদ্দেশ্যে এই আইনের প্রবর্তন করা হচ্ছে।
- 1লা জুলাই 2007 থেকে, জনসাধারণের ব্যবহার্য আবদ্ধ জায়গা ও কাজের জায়গার প্রায় সবখানেই এবং জনসাধারণের ব্যবহার্য বা কাজের যানবাহনে ধূমপান করা আইনবিরুদ্ধ হবে। এই আইনের থেকে খুব কমই অব্যাহতি থাকবে।
- জনসাধারণের ব্যবহার্য এবং কাজের প্রায় সব জায়গাতেই, বাড়ির ভিতরে ধূমপান করার কোন জায়গা থাকতে দেওয়া হবে না।
- ধোঁয়াহীন ঘরবাড়ি এবং যানবাহনের ম্যানেজারদের লোকের ধূমপান করা প্রতিরোধ করার আইনগত দায়িত্ব থাকবে।
- আইন অনুসারে, সব ধোঁয়াহীন ঘরবাড়ি এবং যানবাহনে, ধূমপান-নিষেধ লেখা বিজ্ঞপ্তি ও চিহ্ন থাকা বাধ্যতামূলক।
- সবরকমের ধূমপান করার জিনিষের বিষয়েই এই নতুন আইন প্রযোজ্য হবে। এর মধ্যে রয়েছে সিগারেট, (শিষা এবং হুকার মত জল ভরা পাইপ সমেত) পাইপ, চুরুট এবং ভেষজ সিগারেট।
- এই নতুন আইন মেনে না চলাটা হচ্ছে একটা ফৌজদারী অপরাধ। ধোঁয়াহীন অপরাধের জন্য শাস্তি ও জরিমানার পরিমাণ নিচে দেওয়া হয়েছে (ডিস্কাউন্ট বা ছাড় দেওয়া পরিমাণগুলির জন্য 15 নম্বর পৃষ্ঠা দেখবেন):

  **ধোঁয়াহীন ঘরবাড়ি বা কাজের যানবাহনে ধূমপান করলে:** ধূমপানকারীকে £50-এর একটা নির্দিষ্ট পরিমাণের শাস্তির নোটিস দেওয়া হবে। অথবা ফৌজদারী মামলা করা হলে এবং আদালত দোষী সাব্যস্ত করলে, সর্বোচ্চ জরিমানা হবে £200।

  **ধূমপান-নিষেধ লেখা বিজ্ঞপ্তি না প্রদর্শন করলে:** যিনি সেই ধোঁয়াহীন ঘরবাড়ি বা যানবাহনের পরিচালনা করেন অথবা সেখানে থাকেন, তার ওপর £200-এর একটা নির্দিষ্ট পরিমাণের শাস্তির নোটিস দেওয়া হবে। অথবা ফৌজদারী মামলা করা হলে এবং আদালত তাকে দোষী সাব্যস্ত করলে, সর্বোচ্চ জরিমানা হবে £1000।

  **একটা ধোঁয়াহীন ঘরবাড়িতে ধূমপান করা প্রতিরোধ না করতে পারলে:** যিনি সেই ধোঁয়াহীন ঘরবাড়ি বা যানবাহনের পরিচালনা বা নিয়ন্ত্রণ করেন, তার বিরুদ্ধে ফৌজদারী মামলা করা হলে এবং আদালত তাকে দোষী সাব্যস্ত করলে, তার সর্বোচ্চ জরিমানা হবে £2500।
- এই নতুন আইন মেনে চলতে বাধ্য করার দায়িত্ব স্থানীয় কাউন্সিলের ওপর থাকবে। এই নতুন আইন অনুযায়ী তাদের আইনগত দায়িত্ব পালন করার জন্য কাউন্সিলগুলি ব্যবসায়ী সংস্থাগুলিকে তথ্য দেবে ও সহায়তা করবে।

**smokefreeengland.co.uk** ঠিকানায়, স্মোকফ্রী ইংল্যান্ড-এর ওয়েবসাইটে আপনি এই নতুন আইন সম্বন্ধে আরও তথ্য পাবেন। তথ্য এবং সহায়তার জন্য আপনি আপনার স্থানীয় কাউন্সিলের সাথেও যোগাযোগ করতে পারেন।

# সূচিপত্র


| | |
|---|---|
| ইংল্যান্ড ধোঁয়াহীন হতে যাচ্ছে কেন? | 3 |
| ধোঁয়াহীন হওয়ার জন্য আমার কি কি অবশ্যই করতে হবে? | 5 |
| কোন্ জায়গাগুলিকে অবশ্যই ধোঁয়াহীন হতে হবে? | 9 |
| কিরকম বিজ্ঞপ্তি ও চিহ্ন আমাকে প্রদর্শন করতে হবে? | 13 |
| কিভাবে এই নতুন ধোঁয়াহীন আইন মেনে চলতে বাধ্য করা হবে? | 15 |
| এই নতুন আইনে কি কোন অব্যাহতি আছে? | 16 |
| যে প্রশ্নগুলি প্রায়ই জিজ্ঞাসা করা হয়। | 20 |
| প্রস্তাবিত ধোঁয়াহীন নীতি। | 21 |
| ধোঁয়াহীন জায়গায় ধূমপান করার ব্যাপারে কি উপায় করা হবে। | 23 |
| চেক্লিস্ট (মিলিয়ে দেখার তালিকা)। | 25 |


যাদের ওপরে জনসাধারণের ব্যবহার্য জায়গা ও কাজের জায়গাগুলি পরিচালনা করার দায়িত্ব রয়েছে, তাদের এই নতুন ধোঁয়াহীন আইনটা বুঝতে ও মেনে চলতে সাহায্য করার উদ্দেশ্যে, ডিপার্টমেন্ট অভ্ হেল্থ এই নির্দেশিকাটি তৈরী করেছে। রবিবার 1লা জুলাই 2007 তারিখে আপনার জনসাধারণের ব্যবহার্য জায়গা বা কাজের জায়গাগুলিকে ধোঁয়াহীন করতে সাহায্য করার জন্য আমরা বিনাপয়সার সঙ্গতিও এর সাথে দিয়েছি।

এই নতুন ধোঁয়াহীন আইন সম্বন্ধে এটা হচ্ছে কেন্দ্রীয় সরকারের সরকারী নির্দেশিকা। এই নির্দেশিকার উদ্দেশ্য হচ্ছে সাধারণ তথ্য দেওয়া এবং যেসব ক্ষেত্রে এই আইন প্রযোজ্য হবে, তার সবরকম পরিস্থিতি এতে দেওয়া নেই। আপনার বিশেষ পরিস্থিতি সম্বন্ধে আপনি যদি উপদেশ চান, তাহলে আমাদের মতে, আপনি হয় আপনার স্থানীয় কাউন্সিলের সাথে যোগাযোগ করবেন, নয়ত আপনি নিজে আইন সংক্রান্ত উপদেশ খুঁজে নেবেন।




1লা জুলাই 2007 থেকে, ইংল্যান্ড-এর প্রায় সব জনসাধারণের ব্যবহার্য আবদ্ধ জায়গা এবং কাজের জায়গা ধোঁয়াহীন হয়ে যাবে।

# ইংল্যান্ড ধোঁয়াহীন হতে যাচ্ছে কেন?

পরোক্ষভাবে পাওয়া ধোঁয়ার ক্ষতিকারক প্রভাবের থেকে কর্মচারীদের ও জনসাধারণকে রক্ষা করার উদ্দেশ্যে এই আইনের প্রবর্তন করা হচ্ছে।

পরোক্ষভাবে পাওয়া ধোঁয়া হচ্ছে স্বাস্থ্যের পক্ষে একটা গুরুতর ঝুঁকি, এবং এই ধোঁয়ার মধ্যে থাকার সময়ের কোন নিরাপদ স্তর নেই। যখনই কেউ পরোক্ষভাবে পাওয়া ধোঁয়া নিশ্বাসের সাথে গ্রহণ করে, সে 4000-এরও বেশী রাসায়নিক পদার্থ তার নিঃশ্বাসের সাথে টেনে নেয়। অনেকগুলি খুবই বিষাক্ত। এর মধ্যে 50টিরও বেশী জিনিষের থেকে ক্যান্সার হয় বলে জানা আছে।

চিকিৎসাশাস্ত্রসম্মত ও বৈজ্ঞানিক প্রমাণে দেখা গেছে যে পরোক্ষভাবে পাওয়া ধোঁয়ার মধ্যে থাকলে, ফুসফুসের ক্যান্সার, হার্টের (হৃৎপিণ্ডের) অসুখ, হাঁপানীর টান, ছোটবেলার নিঃশ্বাস সংক্রান্ত অসুখ, সাডেন ইনফ্যান্ট ডেথ সিনড্রোম (শিশুর হঠাৎ মৃত্যু হওয়া)(SIDS) এবং ফুসফুসের ক্রিয়াশক্তি কমে যাওয়ার মত গুরুতর অসুস্থ অবস্থার ঝুঁকি বেড়ে যায়।

বৈজ্ঞানিক প্রমাণে আরও দেখা গেছে যে, আবদ্ধ জায়গায় হাওয়া চলাচলের ব্যবস্থা থাকলেও, পরোক্ষভাবে পাওয়া ধোঁয়ার মাধ্যমে আসা স্বাস্থ্য সংক্রান্ত ঝুঁকি এড়ানো যায় না। কার্যকরীভাবে সুরক্ষার ব্যবস্থা করার একমাত্র উপায় হচ্ছে প্রথমেই পরোক্ষভাবে পাওয়া ধোঁয়া নিঃশ্বাসের সাথে নেওয়া বন্ধ করা। সেইজন্য, কেন্দ্রীয় সরকার এই নতুন ধোঁয়াহীন আইনের প্রবর্তন করছে।

আন্দাজ করা হচ্ছে যে এই নতুন আইন, আগামী দশ বছরে হাজার হাজার লোকের প্রাণ বাঁচাবে, গুরুতর অসুখ প্রতিরোধ করবে এবং সকলের জন্য আরও পরিষ্কার ও স্বাস্থ্যকর কাজ করার বা বেড়াতে যাওয়ার আবদ্ধ পরিবেশের সৃষ্টি করতে সাহায্য করবে।

**পরোক্ষভাবে পাওয়া ধোঁয়ার মধ্যে 4,000-এরও বেশী রাসায়নিক পদার্থ থাকে। এর মধ্যে 50টিরও বেশীর থেকে ক্যান্সার হয় বলে জানা আছে।**

**পরোক্ষভাবে পাওয়া ধোঁয়ার 85%ই অদৃশ্য এবং গন্ধবিহীন।**

**smokefreeengland.co.uk** ঠিকানায়, স্মোকফ্রী ইংল্যান্ড-এর ওয়েবসাইটে আপনি এই নতুন আইন সম্বন্ধে আরও তথ্য পাবেন। তথ্য এবং সহায়তার জন্য আপনি আপনার স্থানীয় কাউন্সিলের সাথেও যোগাযোগ করতে পারেন।



যাদের ওপর ধোঁয়াহীন ঘরবাড়ির ভার রয়েছে, তাদের ওপর সেখানে লোকের ধূমপান করা প্রতিরোধ করার আইনগত দায়িত্ব থাকবে।

# ধোঁয়াহীন হওয়ার জন্য
# আমার কি কি অবশ্যই করতে হবে ?

## ধোঁয়াহীন হওয়ার জন্য তৈরী হওয়া

আপনি যদি কোন ঘরবাড়ি বা যানবাহনের পরিচালনা করেন অথবা আপনার ওপর তাদের ভার থাকে যেগুলির ক্ষেত্রে এই নতুন আইন প্রযোজ্য হবে (9 নম্বর পৃষ্ঠা দেখবেন), তাহলে সেগুলি যাতে ধোঁয়াহীন হয়ে যায় এবং ধোঁয়াহীন থাকে, তা নিশ্চিত করার আইনগত দায়িত্ব আপনার থাকবে।

রবিবার 1লা জুলাই 2007 থেকে প্রযোজ্য এই নতুন আইনের জন্য তৈরী হওয়ার উদ্দেশ্যে, আপনাকে নিশ্চিত করতে হবে যে:

- প্রয়োজনীয় ধূমপান-নিষেধ লেখা বিজ্ঞপ্তিগুলি সব ঠিক জায়গামত আপনি লাগিয়েছেন (13 নম্বর পৃষ্ঠা দেখবেন)
- আপনার কর্মচারী, ক্রেতা, সদস্য বা অতিথিরা সচেতন যে আইন অনুযায়ী, আপনার কর্মস্থলের বাড়িঘর এবং কাজের যানবাহনগুলিকে ধোঁয়াহীন থাকতে হবে
- ঘরবাড়ির ভিতরের ধূমপান করার জন্য বর্তমানে যে ঘরগুলি আছে তা তুলে দিয়েছেন।

## ঘরবাড়ি ও যানবাহন ধোঁয়াহীন রাখা

এই নতুন আইন কার্যকরী হওয়ার পর, যারা কোন ধোঁয়াহীন ঘরবাড়ি বা যানবাহনের নিয়ন্ত্রণ ও পরিচালনা করেন, তাদের ওপর সেখানে লোকের ধূমপান করা প্রতিরোধ করার আইনগত দায়িত্ব থাকবে।

এই নতুন আইনে যা বাধ্যতামূলক তা মেনে চলার জন্য, আপনাকে দেখাতে হবে যে আপনি সে ব্যাপারে সঙ্গত রকমের ব্যবস্থা নিয়েছেন। এর মধ্যে থাকতে পারে:

- এ্যাশট্রেগুলি সরিয়ে নেওয়া
- ধোঁয়াহীন নীতির প্রবর্তন করা (নিচে দেখুন)
- এই নতুন আইন এবং তাদের দায়িত্বগুলি কি, সে বিষয়ে কর্মচারীদের প্রশিক্ষণ (ট্রেইনিং) দেওয়া।

## আপনার ব্যবসার জন্য একটা ধোঁয়াহীন নীতির প্রবর্তন করা

আপনি হয়ত আপনার কর্মস্থলের জন্য একটা ধোঁয়াহীন নীতির প্রবর্তন করতে চাইতে পারেন। এর ফলে, আপনার কর্মচারীরা এই নতুন ধোঁয়াহীন আইন সম্বন্ধে এবং তারা যে একটা ধোঁয়াহীন পরিবেশে কাজ করেন সে বিষয়ে সচেতন হবেন তা নিশ্চিত করা যাবে। তাছাড়াও, এতে বলে দেওয়া হবে যে আইন মেনে চলতে গেলে তাদের কি কি করতে হবে।

কর্মচারী ও তাদের প্রতিনিধিদের সাথে পরামর্শ করে আপনার এই ধোঁয়াহীন নীতি গড়ে তোলা উচিত।

এই ধোঁয়াহীন নীতিটা আপনার ও আপনার কর্মচারীদের মধ্যে একটা মৌখিক বোঝাপড়া হতে পারে, আপনার বর্তমান প্রাতিষ্ঠানিক বা হেল্থ এ্যান্ড সেইফ্‌টি (স্বাস্থ্য ও নিরাপত্তা) নীতির অন্তর্ভুক্ত করা যেতে পারে, অথবা আপনি হয়ত একটা আলাদা লিখিত নীতি তৈরী করতে চাইতে পারেন।

আমরা একটা প্রস্তাবিত ধোঁয়াহীন নীতি এই নির্দেশিকার মধ্যে দিয়েছি। তাছাড়াও, **smokefreeengland.co.uk/resources** ঠিকানায়, স্মোকফ্রী ইংল্যান্ড-এর ওয়েবসাইট থেকে আপনি এটা ডাউনলোড করতে পারবেন।



ধোঁয়াহীন ঘরবাড়িতে কেউ ধূমপান করলে, সেই ঘরবাড়ির ভারপ্রাপ্ত ম্যানেজারকে, ব্যবস্থা নেওয়ার জন্য তৈরী থাকতে হবে।

## আমার দায়িত্বে থাকা কোন ধোঁয়াহীন জায়গায় কেউ ধূমপান করলে আমার কি করা উচিত?

অন্যান্য দেশের অভিজ্ঞতার ওপর ভিত্তি করে আমাদের স্থিরবিশ্বাস যে, লোকে এই নতুন আইনটা মেনে চলবে। তবে, আপনার দায়িত্বে থাকা কোন ধোঁয়াহীন ঘরবাড়ি বা যানবাহনে কেউ ধূমপান করলে, ব্যবস্থা নেওয়ার জন্য আপনাকে তৈরী থাকতে হবে। আমাদের উপদেশ হচ্ছে যে:

- ধূমপান-নিষেধ লেখা বিজ্ঞপ্তিটির দিকে সেই লোকটির দৃষ্টি আকর্ষণ করে তাকে ধূমপান করা বন্ধ করতে বলবেন
- একটা ধোঁয়াহীন ঘরবাড়ি বা যানবাহনে ধূমপান করে তিনি যে একটা ফৌজদারী অপরাধ করছেন সে ব্যাপারে তাকে সচেতন করে দেবেন
- সেই লোকটিকে মনে করিয়ে দেবেন যে আইন অনুযায়ী আপনার ওপর ধূমপান প্রতিরোধ করার দায়িত্ব রয়েছে এবং আপনাদের দুজনেরই জরিমানা করা হতে পারে।

একটা ধোঁয়াহীন জায়গায় ধূমপান করে যিনি এই নতুন ধোঁয়াহীন আইনটা ভঙ্গ করছেন, তাকে পরিবেশন না করা বা পরিষেবা না দেওয়ার কথা আপনার বিবেচনা করে দেখা উচিত।

কোন খরিদ্দার বা অতিথি যদি ধূমপান করা চালিয়ে যেতে থাকেন, আপনি তাকে আপনার কর্মস্থলের ঘরবাড়ি থেকে চলে যেতে বলতে পারেন। যদি কোন কর্মচারী এই আইনটা ভঙ্গ করেন, তাহলে আপনি হয়ত ডিসিপ্লিনারী এ্যাক্শন (শৃঙ্খলামূলক ব্যবস্থা) নেওয়ার কথা বিবেচনা করে দেখতে চাইতে পারেন। ধূমপানরত কেউ যদি শারীরিক আক্রমণের হুমকি দিয়ে থাকেন, তাহলে আমরা বলব যে আপনি পুলিসকে তা জানাবেন এবং/অথবা তাদের কাছে সাহায্য চাইবেন।

**এই নির্দেশিকাটির পিছনে একটা ছিঁড়ে নেওয়ার মত ফ্লোচার্ট দেওয়া হয়েছে। ধোঁয়াহীন ঘরবাড়ি বা যানবাহনে ধূমপান করার ব্যাপারে আপনি কি কি রকমের সঙ্গত ব্যবস্থা নিতে পারেন তার কিছু প্রস্তাব দেওয়া হয়েছে।**

## কেউ ধূমপান করা বন্ধ করতে চাইলে, তিনি কি কোন সাহায্য পেতে পারেন?

ধূমপানকারীদের প্রায় 70%ই ধূমপান করা বন্ধ করতে চান এবং এই ধোঁয়াহীন আইন এতে আরও উৎসাহ যোগাতে পারে। আপনি যদি আপনার কর্মচারী ও খরিদ্দারদের ধূমপান করা বন্ধ করতে সাহায্য করতে চান, তাহলে এন্এইচ্এস্-এর (ন্যাশনাল হেল্থ সার্ভিসের) কাছ থেকে বিনাখরচে অত্যন্ত ভাল সহায়তা পেতে পারেন। এর মধ্যে আছে:

- **স্থানীয় এন্এইচ্এস্-এর স্টপ স্মোকিং সার্ভিস** – আপনার স্থানীয় সার্ভিস (পরিষেবা) খুঁজে পাওয়ার জন্য, 0800 169 0 169 নম্বরে এন্এইচ্এস্-এর স্মোকিং হেল্পলাইনে (ধূমপান সংক্রান্ত সাহায্যের লাইনে) বিনাখরচে টেলিফোন করবেন, **gosmokefree.co.uk** ঠিকানায় দেখবেন, 88088 নম্বরে 'GIVE UP' এবং আপনার সম্পূর্ণ পোস্টকোডটা টেক্সট করবেন অথবা আপনার স্থানীয় জিপির প্র্যাক্টিসে, ফার্মাসীতে অথবা হাসপাতালে জিজ্ঞাসা করবেন।
- **এন্এইচ্এস্-এর স্মোকিং হেল্পলাইন** – 0800 169 0 169 নম্বরে টেলিফোন করে, যে কোন লোক একজন বিশেষজ্ঞ উপদেষ্টার সাথে কথা বলতে পারবেন (রোজ সকাল 7টা থেকে রাত 11টা পর্যন্ত এই লাইনগুলি খোলা থাকে)
- **gosmokefree.co.uk** – ধূমপান থামানোর জন্য এবং থেমে থাকার উদ্দেশ্যে সব প্রয়োজনীয় উপদেশ, তথ্য এবং সহায়তার জন্য একটা অন্লাইনের সুবিধা।
- **টুগেদার** – এই সহায়তার কার্যক্রমে বিনাখরচে যোগদান করা যায়, এবং চিকিৎসাশাস্ত্র সংক্রান্ত গবেষণা এবং যারা আগে ধূমপান করতেন তাদের উপলব্ধি করা তথ্য ব্যবহার করে ধূমপান বন্ধ করতে ব্যক্তিবিশেষকে সাহায্য করার উদ্দেশ্যে এই কার্যক্রমকে গড়ে তোলা হয়েছে। আপনি ইমেইল, টেক্সট মেসেজ, ডাকযোগে প্যাক্ পাওয়া এবং টেলিফোনে যোগাযোগ পছন্দ করে নিতে পারেন। বিস্তারিত তথ্যের জন্য, 0800 169 0 169 নম্বরে টেলিফোন করবেন অথবা **gosmokefree.co.uk** ঠিকানায় গিয়ে দেখবেন।

কাজের সময়ে বা তার বাইরে, তাদের কর্মচারীদের সহায়তা পাওয়ার ব্যাপারে নিয়োগকারীরা তাদের স্থানীয় এন্এইচ্এস্-এর স্টপ স্মোকিং সার্ভিসের সাথে কথা বলতে পারেন।

কিভাবে তাদের কর্মচারীদের ধূমপান করা বন্ধ করতে সাহায্য করা যাবে সে বিষয়ে ন্যাশনাল ইন্স্টিটিউট ফর হেল্থ এ্যান্ড ক্লিনিকাল এক্সেলেন্স-এর (NICE-এর) নতুন নির্দেশে নিয়োগকারীদের পরামর্শ দেওয়া হবে। আরও তথ্যের জন্য, **nice.org.uk** ঠিকানায় গিয়ে দেখবেন।



এই নতুন আইন, সকলের জন্য আরও পরিষ্কার ও স্বাস্থ্যকর কাজ করার বা বেড়াতে যাওয়ার পরিবেশের সৃষ্টি করতে সাহায্য করবে।

# কোন্ জায়গাগুলিকে অবশ্যই ধোঁয়াহীন হতে হবে ?

## ধোঁয়াহীন জনসাধারণের ব্যবহার্য জায়গা ও কাজের জায়গা

এই ধোঁয়াহীন আইন, প্রায় সব ‘এন্‌ক্লোজ্‌ড’ (আবদ্ধ) ও ‘সাবস্ট্যান্‌শিয়ালী এন্‌ক্লোজ্‌ড’ (অনেকটাই আবদ্ধ) জনসাধারণের ব্যবহার্য জায়গা ও কাজের জায়গার ক্ষেত্রে প্রযোজ্য হবে। স্থায়ী কাঠাম এবং ছোট ও বড় তাঁবুর মত অস্থায়ী কাঠাম, এই দু’টিই এর মধ্যে পড়বে। এর মানে এটাও যে জনসাধারণের ব্যবহার্য জায়গায় এবং কাজের জায়গায়, ঘরবাড়ির ভিতরে ধূমপান করার জন্য ঘর থাকতে দেওয়া হবে না।

একটা জায়গাকে **‘এন্‌ক্লোজ্‌ড’** বলে মনে করা হবে যদি তার একটা সিলিং বা ছাদ থাকে এবং (দরজা, জানালা বা হাঁটাচলা করার পথ ছাড়া) হয় স্থায়ীভাবে নয়ত অস্থায়ীভাবে, সম্পূর্ণ আবদ্ধ হয়।

একটা জায়গাকে **‘সাবস্ট্যান্‌শিয়ালী এন্‌ক্লোজ্‌ড’** বলে মনে করা হবে যদি তার একটা সিলিং বা ছাদ থাকে, কিন্তু দেওয়ালের গায়ের একটা জায়গা খোলা থাকে, যেটার এলাকা দেওয়ালের সম্পূর্ণ এলাকার অর্ধেকের থেকে কম। এই খোলা জায়গাটার মধ্যে দরজা, জানালা এবং বন্ধ করা ও খোলা যায় এরকম অন্য কোন লাগানো জিনিষ পড়ে না।




Fig 1.
সাবস্ট্যান্‌শিয়ালী এন্‌ক্লোজ্‌ড ঘরবাড়ির উদাহরণ ✗




Fig 2.
সাবস্ট্যান্‌শিয়ালী এন্‌ক্লোজ্‌ড নয় এরকম ঘরবাড়ির উদাহরণ ✓

**আপনার ঘরবাড়িগুলি ‘এন্‌ক্লোজ্‌ড’ বা ‘সাবস্ট্যানশিয়ালী এন্‌ক্লোজ্‌ড’ কিনা সে বিষয়ে আপনার আরও উপদেশের দরকার হলে, দয়া করে আপনার স্থানীয় কাউন্সিলের সাথে যোগাযোগ করবেন।**

আপনার কর্মচারীদের বা জনসাধারণের জন্য, বাইরে একটা ধূমপান করার ছাউনির ব্যবস্থা করে দিতে আপনি বাধ্য নন।

আপনি যদি একটা ছাউনি তৈরী করার সিদ্ধান্ত নেন, তাহলে আমাদের মতে, আপনার পরিকল্পনার বিষয়ে আপনার স্থানীয় কাউন্সিলের সাথে আপনি আলোচনা করবেন, কারণ আপনার অনেক কিছুই বিবেচনা করার প্রয়োজন থাকতে পারে। প্ল্যানিং পারমিশন, লাইসেন্স পাওয়া, বিল্ডিং কন্ট্রোল, আওয়াজ এবং আবর্জনার বিষয় এই বিবেচনার মধ্যে থাকতে পারে।

দয়া করে জেনে রাখবেন যে ধূমপানের ছাউনির নক্‌শা ও তৈরীর ব্যাপারে, ডিপার্টমেন্ট অভ্ হেল্‌থ কোন পরামর্শ দিতে পারবে না।



কাজের যানবাহনগুলিকে অবশ্যই ধোঁয়াহীন হতে হবে যদি একজনের বেশী লোক সেগুলি ব্যবহার করে।

## ধোঁয়াহীন যানবাহন

এই নতুন আইন অনুসারে যানবাহনগুলিকে সবসময় ধোঁয়াহীন হতে হবে যদি:

- সেগুলিকে জনসাধারণের যাতায়াতের জন্য ব্যবহার করা হয়
- বেতনপ্রাপ্ত বা ভলান্টারী কাজের জন্য একজনের বেশী লোক সেগুলি ব্যবহার করেন - তারা একই সময়ে সেই গাড়িতে থাকুন বা নাই থাকুন।

ধোঁয়াহীন যানবাহনের যে সব কামরায় বা অংশে লোক চড়তে পারে, সেইসব কামরায় বা অংশে ধূমপান-নিষেধ লেখা বিজ্ঞপ্তি প্রদর্শন করতে হবে। এই বিজ্ঞপ্তিতে আন্তর্জাতিক ধূমপান-নিষেধের চিহ্ন প্রদর্শন করতে হবে, যেটার ব্যাস 70 মিলিমিটারের কম নয় (আরও বিস্তারিত তথ্যের জন্য, 13 নম্বর পৃষ্ঠা দেখবেন)।

যেসব যানবাহনের ছাদ খোলা যায় বা ভাঁজ করে ঢুকিয়ে রাখা যায়, সেইসব যানবাহনের, সম্পূর্ণভাবে ছাদ খোলা বা ভাঁজ করে ঢোকানো থাকা অবস্থায় লোক বহন করার সময় ধোঁয়াহীন হওয়া বাধ্যতামূলক নয়।

যেসব যানবাহন প্রধানতঃ ব্যক্তিগত কারণে ব্যবহার করা হয়, সেইসব যানবাহনের ধোঁয়াহীন হওয়া বাধ্যতামূলক নয়।

ডিপার্টমেন্ট অভ্ ট্র্যান্সপোর্ট কিছু বিশেষ নিয়মকানুন বিবেচনা করে দেখছে যার আওতায় জাহাজ ও জলযানগুলি পড়বে। smokingonships@dft.gsi.gov.uk ঠিকানায় ইমেইল করে অথবা 020 7944 5427 নম্বরে টেলিফোন করে ডিপার্টমেন্ট অভ্ ট্র্যান্সপোর্ট-এর কাছ থেকে আরও তথ্য পাওয়া যাবে।

**যিনি কোন যানবাহন চালান, পরিচালনা করেন, অথবা যার ওপরে কোন যানবাহনের ভিতরের শৃঙ্খলা ও নিরাপত্তার দায়িত্ব থাকে, তার আইনগত দায়িত্ব হচ্ছে সেই যানবাহনে কারুর ধূমপান করা প্রতিরোধ করা।**

## ব্যক্তিগত বাসস্থান

সাধারণভাবে, ব্যক্তিগত বাসস্থানগুলি এই আইনের আওতায় পড়ে না। তবে, একটা বাসস্থানের কোন এন্‌ক্লোজ্‌ড বা সাবস্ট্যান্‌শিয়ালী এন্‌ক্লোজ্‌ড অংশ যদি অন্য কোন বাসস্থানের লোকও ব্যবহার করে, যেমন একটা ফ্ল্যাটবাড়ির সকলের ব্যবহার্য সিঁড়ি বা লিফ্‌ট, তাহলে সে জায়গাগুলিকে ধোঁয়াহীন হতে হবে যদি:

- সেগুলিকে জনসাধারণের যাতায়াতের জন্য ব্যবহার করা হয়
- সেটা একটা কাজের জায়গা হিসাবে ব্যবহার করা হয়, যেমন, কোন ক্লীনার, পিয়ন বা নিরাপত্তার গার্ডকে সেখানে কাজ করতে হয়।

অস্থায়ী বা ছুটিতে ব্যবহার করার মত যে বাসস্থানগুলির (যেমন, ছুটি কাটানোর কুটীর বা ক্যারাভান) স্বয়ংসম্পূর্ণ বন্দোবস্ত রয়েছে, আইন অনুযায়ী সেগুলির ধোঁয়াহীন হওয়া বাধ্যতামূলক নয়। তবে, মালিকরা তাদের নিজের পছন্দে সেগুলিকে ধোঁয়াহীন করে ফেলতে পারেন।

কারুর যদি তাদের কাজের অঙ্গ হিসাবে ব্যক্তিগত বাসস্থানে ঢুকতে হয়, যেমন জিনিষপত্র সরবরাহ করার জন্য অথবা প্লাম্বিং, বাড়ি তৈরী করা বা হেয়ারড্রেসিং করা, তারা **smokefreeengland.co.uk/resources** ঠিকানার থেকে আরও নির্দেশ ডাউনলোড করতে পারবেন।

## ব্যক্তিগত বাসস্থানের থেকে কাজ করা

ব্যক্তিগত বাসস্থানের কোন অংশ **শুধুমাত্র** কাজের জন্য ব্যবহার করলে, সেই অংশটার ধোঁয়াহীন থাকা বাধ্যতামূলক হবে যদি:

- সেই বাসস্থানে বাস করেন না এরকম একজনের বেশী লোক সেটা ব্যবহার করেন
- জিনিষপত্র এবং/অথবা পরিষেবা সরবরাহ করা বা পাওয়ার জন্য জনসাধারণকে সেখানে যেতে হয়।




আপনি যদি কোন ধোঁয়াহীন ঘরবাড়ি বা যানবাহনের পরিচালনা করেন, তাহলে ধূমপান-নিষেধ লেখা বিজ্ঞপ্তিগুলি জায়গামত প্রদর্শন করা হচ্ছে আপনার একটা আইনগত দায়িত্ব।



# কিরকম বিজ্ঞপ্তি ও চিহ্ন
## আমাকে প্রদর্শন করতে হবে ?

নতুন আইন অনুযায়ী যেরকম বিজ্ঞপ্তি ও চিহ্ন বাধ্যতামূলক, সব ধোঁয়াহীন ঘরবাড়ি ও যানবাহনে ধূমপান-নিষেধ লেখা সেরকম বিজ্ঞপ্তি ও চিহ্ন প্রদর্শন করতে হবে। এই বিজ্ঞপ্তি ও চিহ্নগুলি পরিষ্কারভাবে বুঝিয়ে দেবে যে কোন্ ঘরবাড়ি ও যানবাহন ধোঁয়াহীন এবং দেখাবে যে এই নতুন আইন মেনে চলার উদ্দেশ্যে আপনি প্রয়োজনীয় ব্যবস্থাগুলি নিচ্ছেন।

### ধোঁয়াহীন ঘরবাড়ির জন্য বাধ্যতামূলক বিজ্ঞপ্তিগুলি কি ?

রবিবার 1লা জুলাই থেকে, ধোঁয়াহীন ঘরবাড়িতে প্রতিটি প্রবেশদ্বারে, সহজে চোখে পড়ে এমন জায়গায় ধূমপান-নিষেধের বিজ্ঞপ্তি ও চিহ্নগুলি প্রদর্শন করতে হবে। এই বিজ্ঞপ্তি ও চিহ্নগুলির, বাধ্যতামূলকভাবে অন্ততঃপক্ষে নিচে দেওয়া নিয়মগুলি অবশ্যই মেনে চলতে হবে:

- অন্ততঃ A5 (210 মিলিমিটার x 148 মিলিমিটার) আয়তনের হতে হবে
- অন্ততঃ 70 মিলিমিটার ব্যাসের, আন্তর্জাতিক ধূমপান-নিষেধের চিহ্ন প্রদর্শন করতে হবে
- নিচের শব্দগুলি এমন অক্ষরে লিখতে হবে, যা সহজে পড়া যায়:
  **'ধূমপান নিষেধ। এই ঘরবাড়িতে ধূমপান করা আইনবিরুদ্ধ।'**

তাছাড়াও, 'এই ঘরবাড়ি' শব্দটা পালটে - যেমন, 'এই জিম', 'এই স্যালন' বা 'এই রেস্তোরাঁ' এরকমভাবে সেই ঘরবাড়ির নাম বা ধরণ বলে, আপনার বিজ্ঞপ্তিগুলিকে নিজের মত করে নেওয়ার স্বাধীনতা আপনার আছে।

অন্ততঃ 70 মিলিমিটার ব্যাসের, আন্তর্জাতিক ধূমপান-নিষেধের চিহ্ন সম্বলিত একটা অপেক্ষাকৃত ছোট বিজ্ঞপ্তি সেইসব ধোঁয়াহীন ঘরবাড়ির প্রবেশদ্বারে প্রদর্শন করা যাবে যেগুলি:

- শুধুমাত্র কর্মচারীরা ব্যবহার করেন - এবং সেই ঘরবাড়িতে অন্ততঃ একটা A5 আয়তনের বিজ্ঞপ্তি আছে
- আরও বড় একটা ধোঁয়াহীন এলাকার মধ্যে অবস্থিত, যেমন একটা ঘরবাড়ির ভিতরের শপিং সেন্টারের মধ্যেকার কোন দোকান।

### ধোঁয়াহীন যানবাহনের জন্য বাধ্যতামূলক বিজ্ঞপ্তিগুলি কি ?

ধোঁয়াহীন যানবাহনের যেসব কামরায় লোক বহন করা হয়, সেইসব কামরার প্রত্যেকটিতে ধূমপান-নিষেধের বিজ্ঞপ্তি প্রদর্শন করতে হবে। অন্ততঃ 70 মিলিমিটার ব্যাসের, আন্তর্জাতিক ধূমপান-নিষেধের চিহ্ন এই বিজ্ঞপ্তিতে থাকতে হবে।

### এই চিহ্নসহ বিজ্ঞপ্তিগুলি আমি কোথায় পাব ?

আইন মেনে চলতে আপনাকে সাহায্য করার উদ্দেশ্যে, আমরা নতুন আইন অনুযায়ী ধূমপান-নিষেধের বিজ্ঞপ্তি ও চিহ্ন, বিনাপয়সায় এই নির্দেশিকার মধ্যে দিয়েছি। **smokefreeengland.co.uk/resources** ঠিকানা থেকে অতিরিক্ত বিজ্ঞপ্তি ও চিহ্ন ডাউনলোড করে ছাপানো যাবে অথবা অর্ডার দেওয়া যাবে। 0800 169 169 7 নম্বরে স্মোকফ্রী ইংল্যান্ড-এর তথ্যের লাইনে টেলিফোন করেও এই বিজ্ঞপ্তি ও চিহ্নগুলি পাওয়া যাবে।

তা নাহলে, অন্ততঃপক্ষে বাধ্যতামূলক নিয়মগুলি মেনে আপনি আপনার নিজস্ব ধূমপান-নিষেধের বিজ্ঞপ্তি ও চিহ্নের নক্‌শা তৈরী করে ছাপিয়ে নিতে পারেন।

**আন্তর্জাতিক ধূমপান-নিষেধের চিহ্ন হচ্ছে একটা ছবি, যেটাতে অন্ততঃ 70 মিলিমিটার ব্যাসের একটা লাল রঙের বৃত্তের মধ্যে একটা জ্বলন্ত সিগারেট এবং তার ওপর দিয়ে একটা লাল রঙের দাগ কেটে দেওয়া হয়েছে।**




সকলে যাতে এই নতুন ধোঁয়াহীন আইনের জন্য তৈরী থাকে, তা নিশ্চিত করতে সাহায্য করার উদ্দেশ্যে, স্থানীয় কাউন্সিল, ব্যবসাগুলির সাথে ঘনিষ্ঠভাবে কাজ করবে।

# কিভাবে এই নতুন ধোঁয়াহীন আইন মেনে চলতে বাধ্য করা হবে ?

ইংল্যান্ড-এ এই নতুন আইন মেনে চলতে বাধ্য করার দায়িত্ব থাকবে স্থানীয় কাউন্সিলের[1] ওপর। 1লা জুলাই 2007 আসার আগে, তারা ঘনিষ্ঠভাবে ব্যবসায়ী সংস্থাগুলির সাথে কাজ করবে, যাতে নিশ্চিত করা যায় যে ধোঁয়াহীন হওয়ার জন্য তাদের কি করা প্রয়োজন তা সকলে জানে।

তাদের বাধ্য করার কাজের ভিত্তি হবে ব্যবসাগুলির সাথে এই নতুন আইন মেনে চলার ব্যাপারে সহায়তা করা। তবে, এই নতুন আইন মানা হচ্ছে কিনা তা নির্ধারণ করার উদ্দেশ্যে, তাদের ঘরবাড়িতে ঢোকার ও যানবাহনে ওঠার আইনগত ক্ষমতা থাকবে।

**আপনি যদি কোন ধোঁয়াহীন ঘরবাড়ি বা যানবাহনের পরিচালনা করেন বা আপনার ওপর তাদের ভার থাকে, তাহলে সেগুলিকে ধোঁয়াহীন করা ও ধোঁয়াহীন রাখার আইনগত দায়িত্ব আপনার থাকবে।**

1লা জুলাই 2007 থেকে, একটা টেলিফোন লাইন (0800 587 1667) চালু হবে, যাতে কর্মচারীরা ও জনসাধারণ এই আইন ভঙ্গ হওয়ার সম্ভাবনার কথা জানাতে পারবেন। উপযুক্ত ব্যবস্থা নেওয়ার জন্য, এই তথ্য, কাউন্সিলগুলির কাছে পাঠিয়ে দেওয়া হবে।

আয়ারল্যান্ড, স্কটল্যান্ড ও নিউজিল্যান্ড-এর মত অন্যান্য ধোঁয়াহীন দেশে, মেনে চলার পরিমাণই বেশী, এবং এই আইনগুলি তাড়াতাড়িই নিজেদের মেনে চলতে বাধ্য করেছে।

আপনার ব্যবসার ওপর এই নতুন আইনের কি প্রভাব পড়বে সে বিষয়ে আপনার কোন বিশেষ প্রশ্ন থাকলে, দয়া করে আপনার স্থানীয় কাউন্সিলের সাথে যোগাযোগ করবেন।

## এই আইন ভঙ্গ করার শাস্তিগুলি কি ?

কেউ যদি এই নতুন ধোঁয়াহীন আইন মেনে না চলেন, তাহলে তিনি একটা ফৌজদারী অপরাধ করবেন। প্রতিটি অপরাধের জন্য নির্দিষ্ট করে দেওয়া শাস্তির নোটিস এবং সর্বোচ্চ জরিমানার তালিকা নিচে দেওয়া হয়েছে।

| অপরাধ | কে দায়ী ? | নির্দিষ্ট শাস্তির নোটিস (যদি 15 দিনের মধ্যে শাস্তির টাকা দিয়ে দেওয়া হয়) | নির্দিষ্ট শাস্তির নোটিস (যদি 29 দিনের মধ্যে শাস্তির টাকা দিয়ে দেওয়া হয়) | আদালতের দেওয়া জরিমানা |
|---|---|---|---|---|
| **কোন ধোঁয়াহীন জায়গায় ধূমপান করা** | কোন ধোঁয়াহীন জায়গায় যিনি ধূমপান করবেন | £30 | £50 | £200 পর্যন্ত |
| **বাধ্যতামূলক ধূমপান-নিষেধের চিহ্ন প্রদর্শন না করা** | যিনি কোন ধোঁয়াহীন ঘরবাড়ি বা যানবাহনের পরিচালনা করেন অথবা সেখানে থাকেন | £150 | £200 | £1000 পর্যন্ত |
| **কোন ধোঁয়াহীন জায়গায় ধূমপান প্রতিরোধ না করা** | যিনি কোন ধোঁয়াহীন ঘরবাড়ি বা যানবাহনের পরিচালনা বা নিয়ন্ত্রণ করেন | প্রযোজ্য নয় | প্রযোজ্য নয় | £2500 পর্যন্ত |

নির্দিষ্ট শাস্তির নোটিসে, অপরাধের বিস্তারিত বিবরণ এবং কিভাবে এই টাকা দিতে হবে তা বলে দেওয়া হবে। কেউ যদি একটা নির্দিষ্ট শাস্তির নোটিস পান, তাহলে তিনি এই ব্যাপারে আদালতের বিচার চাইতে পারেন। কেউ যদি কোন নির্দিষ্ট শাস্তির নোটিসের টাকা না দেন, তাহলেও সেই ব্যাপারে ব্যবস্থা নেওয়ার জন্য আদালতে যাওয়া হতে পারে।

[1] পোর্টে (বন্দরে), স্থানীয় পোর্ট হেল্থ অথরিটির ওপরে এই আইন মেনে চলতে বাধ্য করার দায়িত্ব থাকবে।

# এই নতুন আইনে কি
# কোন অব্যাহতি আছে?

এই নতুন ধোঁয়াহীন আইনের থেকে খুব কম কর্মস্থলের ঘরবাড়িকেই অব্যাহতি দেওয়া হবে, এবং এই ব্যতিক্রমের সবগুলিই কঠোর শর্তাবলী সাপেক্ষে হবে। বিশেষ পরিস্থিতির কর্মস্থলে এই ব্যতিক্রমের অনুমতি দেওয়া হয়েছে।

নিচে দেওয়া ঘরবাড়িগুলিতে ম্যানেজাররা যাতে ধূমপানের জন্য নির্দ্দিষ্ট ঘর ঠিক করে দিতে পারেন, সেইজন্য এই ব্যতিক্রমের অনুমতি দেওয়া হয়েছে:

- যেসব হোটেল, পান্থশালা, হস্টেল, গেস্টহাউস এবং সদস্যদের ক্লাবে রাত্রিবাস করার ব্যবস্থা রয়েছে, তারা অতিথিদের ব্যক্তিগত শোওয়ার ঘরগুলিতে ধূমপান করতে দিতে পারেন, কিন্তু সেই ঘরবাড়ির অন্য সব জায়গা ধোঁয়াহীন হতে হবে। ডরমিটরী (যেখানে অনেকে রাত্রিবাস করেন) এবং অন্য যেসব শোওয়ার ঘরে অন্যদের সাথে রাত্রিবাস করতে হয়, সেইসব ঘরগুলিকে সবসময় ধোঁয়াহীন থাকতে হবে
- কেয়ার হোম [1], হস্‌পিস [2] এবং হাজতগুলি, হয় ব্যক্তিগত শোওয়ার ঘর, নয়ত শুধুমাত্র 18 বছরের বেশী বয়সের লোকদের ধূমপানের জন্য ব্যবহার করার ঘর নির্দ্দিষ্ট করে দিতে পারে
- রেসিডেন্সিয়াল মেন্টাল হেল্‌থ ইউনিটগুলি [3], হয় ব্যক্তিগত শোওয়ার ঘর, নয়ত শুধুমাত্র 18 বছরের বেশী বয়সের লোকদের ধূমপানের জন্য ব্যবহার করার ঘর নির্দ্দিষ্ট করে দিতে পারে। এই ব্যতিক্রমটি শুধুমাত্র 1লা জুলাই 2008 পর্যন্ত প্রযোজ্য। এই তারিখ থেকে তাদের ধোঁয়াহীন হয়ে যেতে হবে
- অফ্‌শোর ইন্‌স্টলেশনগুলি [4], শুধুমাত্র ধূমপানের জন্য ঘর নির্দ্দিষ্ট করে দিতে পারবে
- বিশেষজ্ঞ তামাকজাত দ্রব্য বিক্রেতার দোকানগুলি [5], তাদের দোকানের ঘরবাড়ির মধ্যে, ক্রেতাদের সিগার অথবা অল্প পরিমাণ পাইপের তামাক পরীক্ষা করে দেখতে দিতে পারবে। সিগারেট সমেত অন্য কোন জিনিষের ধূমপান করা নিষিদ্ধ থাকবে
- যখন কোন ঘরে এই নতুন আইনে বলে দেওয়া গবেষণা ও পরীক্ষার কাজ করা হচ্ছে, তখন গবেষণা ও পরীক্ষা চলাকালীন, শুধুমাত্র ধূমপানের জন্য সেই ঘরগুলিকে নির্দ্দিষ্ট করে দিতে পারবে।

1 কেয়ার স্ট্যান্ডার্ডস এ্যাক্ট 2000-এর সেক্‌শন 3-এ যেগুলিকে কেয়ার হোম বলে বর্ণনা করা হয়েছে।

2 যে হস্‌পিস্‌গুলির একমাত্র বা প্রধান কাজ হচ্ছে ক্রমশঃ বেড়ে যাওয়া অসুখে অসুস্থ রোগীদের জীবনের শেষের দিকে সেই অসুখের তীব্রতা কমানোর জন্য সেবা করা।

3 রেসিডেন্সিয়াল মেন্টাল হেল্‌থ ইউনিটের মানে হচ্ছে একটা প্রতিষ্ঠান (অথবা কোন প্রতিষ্ঠানের একটা অংশ), যাদের একমাত্র বা প্রধান কাজ হচ্ছে মেন্টাল হেল্‌থ এ্যাক্ট 1983-এর সেক্‌শন 1(2)তে বর্ণিত যে কোন একটা মানসিক রোগে অসুস্থ রোগীদের ভর্তি করা ও চিকিৎসা করা।

4 অফ্‌শোর ইন্‌স্টলেশন এ্যান্ড পাইপলাইন ওয়ার্কস (ম্যানেজ্‌মেন্ট এ্যান্ড এ্যাড্‌মিনিস্ট্রেশন) রেগুলেশনস 1995-এ যেগুলিকে অফ্‌শোর ইন্‌স্টলেশন বলে বর্ণনা করা হয়েছে।

5 শুধুমাত্র যে বিশেষজ্ঞ তামাকজাত দ্রব্য বিক্রেতার দোকানগুলি টোব্যাকো এ্যাড্‌ভারটাইজিং এ্যান্ড প্রোমোশন এ্যাক্ট 2002-এর সেক্‌শন 6(2)-এ দেওয়া বর্ণনার সাথে মেলে।

## ধূমপানের জন্য নির্দ্দিষ্ট করে দেওয়া ঘরগুলিকে কি কি শর্তাবলী মেনে চলতে হবে?

16 নম্বর পৃষ্ঠায় বলে দেওয়া কোন একটা নির্দ্দিষ্ট ঘরে ধূমপান করতে দিতে হলে, যিনি সেই ঘরবাড়ির নিয়ন্ত্রণ বা পরিচালনা করেন, তার আইনগত দায়িত্ব হবে নিচের শর্তাবলী মেনে চলা নিশ্চিত করা।

যেখানে ধূমপান করতে দেওয়া হয় সেরকম ঘরে অবশ্যই:

- সেই ঘরবাড়ির ভারপ্রাপ্ত ব্যক্তিকে লিখিতভাবে ঘরটিকে নির্দ্দিষ্ট করে দিতে হবে। এই লিখিতভাবে নির্দ্দিষ্ট করে দেওয়ার কাগজটি স্থায়ীভাবে রেখে দিতে হবে এবং এন্‌ফোর্সমেন্ট অফিসার অনুরোধ করলে, সেটা দেখাতে হবে। এই শর্তটা, বিশেষজ্ঞ তামাকজাত দ্রব্য বিক্রেতার দোকানগুলির ক্ষেত্রে প্রযোজ্য নয়।
- একটা সিলিং থাকতে হবে, এবং দরজা ও জানালা ছাড়া সবদিকে, মেঝে থেকে সিলিং পর্যন্ত শক্ত দেওয়াল দিয়ে ঘেরা থাকতে হবে
- এমন কোন হাওয়া চলাচলের ব্যবস্থা থাকতে পারবে না, যেটা সেই ঘরবাড়ির অন্যান্য অংশে (ধূমপানের জন্য নির্দ্দিষ্ট করে দেওয়া অন্যান্য ঘর ছাড়া) অথবা অন্য কোন ধোঁয়াহীন ঘরবাড়িতে হাওয়া ছড়িয়ে দেয়
- আগুন সংক্রান্ত নিয়মকানুন সমেত অন্যান্য সব আইনের প্রয়োজন মিটাতে পারে এরকম যান্ত্রিক উপায়ে বন্ধ হয়ে যাওয়ার মত দরজা থাকতে হবে। এটা হাজতের ক্ষেত্রে প্রযোজ্য নয়
- এই ঘরে ধূমপান করা যায় বলে পরিষ্কারভাবে লেখা থাকতে হবে। অন্যদের থেকে পাওয়া ধোঁয়ার মধ্যে থাকতে হতে পারে বলে লোককে সাবধান করে দেওয়ার উদ্দেশ্যে, আপনার নিজস্ব বিজ্ঞপ্তির নক্‌শা নিজে করে নেওয়ার স্বাধীনতা আপনার আছে।

সব শর্তগুলি যদি না মিটানো হয়, তাহলে সেই ঘরটিকে ধূমপানের জন্য ব্যবহার করা যাবে না এবং সবসময় সেটাকে ধোঁয়াহীন রাখতে হবে। যিনি সেই ঘরবাড়ির নিয়ন্ত্রণ বা পরিচালনা করেন, তার আইনগত দায়িত্ব হবে সেই ঘরবাড়ির যেসব অংশ ধোঁয়াহীন রাখা প্রয়োজন সেইসব অংশগুলিতে ধূমপান প্রতিরোধ করা।

যেসব ঘরগুলিকে আপনি নির্দ্দিষ্ট করে দিতে চান সেই ঘরগুলি ওপরে দেওয়া শর্তাবলী মিটাতে পারবে কিনা সে বিষয়ে আপনার কোন সন্দেহ থাকলে, পরামর্শ দেওয়া হচ্ছে যে আপনি আপনার প্রস্তাবগুলির ব্যাপারে আগে থেকেই আপনার স্থানীয় কাউন্সিলের সাথে আলোচনা করবেন।

সেইসব ক্ষেত্রে, যেখানে কোন 'ঘর শুধুমাত্র ধূমপানের জন্য' নির্দ্দিষ্ট করে দেওয়া যেতে পারে (16 নম্বর পৃষ্ঠা দেখবেন), সেখানে তার মানে হচ্ছে যে সেই ঘরটিকে অন্য কোন উদ্দেশ্যে ব্যবহার করা যাবে না, যেমন, টেলিভিশন দেখার ঘর বা লাইব্রেরী (গ্রন্থাগার)।

যদিও আইনে এই ব্যতিক্রমগুলি দেওয়া হয়েছে, তবুও, ইচ্ছা না থাকলে, কোন কর্মস্থলে নির্দ্দিষ্ট করে দেওয়া ধূমপানের ঘর বা শোওয়ার ঘরের ব্যবস্থা রাখার কোন আইনগত দায়িত্ব নেই।

তাছাড়াও, আগে থেকেই বর্তমান, কর্মস্থলে স্বাস্থ্য ও নিরাপত্তা সংক্রান্ত আইন অনুযায়ী, কর্মচারীদের স্বাস্থ্য, নিরাপত্তা ও ভাল রাখার আইনগত দায়িত্ব নিয়োগকারীদের থেকেই যাবে। আরও উপদেশের জন্য 18 নম্বর পৃষ্ঠা দেখবেন।

## শিল্পীরা (যারা দর্শকদের সামনে অনুষ্ঠান করেন, যেমন অভিনয়)

অনুষ্ঠানে অংশগ্রহণ করছেন এমন কারুর শিল্পসুলভ সম্পূর্ণতার জন্য যদি ধূমপান করা উপযুক্ত হয়, তাহলে সেই ঘরবাড়ির যে অংশে সেই শিল্পী অনুষ্ঠান করছেন, সেই অংশটির, সেই শিল্পীর জন্য, শুধুমাত্র অনুষ্ঠান চলাকালীন ধোঁয়াহীন হওয়ার প্রয়োজন নেই। এই ব্যতিক্রমটি রিহার্সালের ক্ষেত্রে প্রযোজ্য নয়।

এই শিল্পীর এবং যিনি সেই ঘরবাড়ির নিয়ন্ত্রণ বা পরিচালনা করেন, তাদের দায়িত্ব হচ্ছে এই নতুন আইন মেনে চলা নিশ্চিত করা। এই আইন যদি না মানা হয়, তাহলে সেই অপরাধের ওপর নির্ভর করে দুই পক্ষকেই জরিমানা করা হতে পারে অথবা তাদের বিরুদ্ধে ফৌজদারী মামলা করা হতে পারে। আরও উপদেশের জন্য, আমাদের মতে, আপনার প্রস্তাবগুলির ব্যাপারে আপনি আগে থেকেই আপনার স্থানীয় কাউন্সিলের সাথে আলোচনা করবেন।

## যেসব কর্মচারীরা এই অব্যাহতি পাওয়া ঘরবাড়িতে কাজ করেন, তাদের স্বাস্থ্য ও নিরাপত্তার ব্যাপারে কি হবে ?

এই নতুন ধোঁয়াহীন আইন থাকা সত্ত্বেও, হেল্‌থ এ্যান্ড সেইফ্‌টি এ্যাট ওয়ার্ক এ্যাক্ট অনুসারে, তাদের কর্মচারীদের দেখাশোনা করার একটা সাধারণ কর্তব্য নিয়োগকারীদের থাকবে। যেখানে মনে করা হবে যে তাদের কর্মস্থলে কর্মচারীদের পরোক্ষভাবে পাওয়া ধোঁয়ার মধ্যে থাকা এড়ানো যাবে না, সেখানে সেই নিয়োগকারীর বিবেচনা করে দেখা উচিত যে পরোক্ষভাবে পাওয়া ধোঁয়ার মধ্যে কর্মচারীদের কিভাবে সবচেয়ে কম সময় থাকা সম্ভব অথবা তা নাহলে তাদের কিভাবে সেই ধোঁয়ার থেকে রক্ষা করা যাবে।

কর্মস্থলে স্বাস্থ্য ও নিরাপত্তা সম্বন্ধে আরও তথ্য, **hse.gov.uk** ঠিকানায় অনলাইনে অথবা 0845 345 0055 নম্বরে টেলিফোন করে হেল্‌থ এ্যান্ড সেইফ্‌টি এক্সেকিউটিভ্‌-এর কাছ থেকে পাওয়া যাবে।



# যে প্রশ্নগুলি প্রায়ই জিজ্ঞাসা করা হয়

**কবে থেকে এই নতুন ধোঁয়াহীন আইন শুরু হবে?** রবিবার, 1লা জুলাই 2007

**কারা এই নতুন আইন মেনে চলতে সকলকে বাধ্য করবে?** স্থানীয় কাউন্সিল এবং বন্দরের হেল্‌থ অথরিটীরা এই নতুন আইন মেনে চলতে বাধ্য করবে এবং এন্‌ফোরস্‌মেন্ট অফিসার নিয়োগ করার ক্ষমতা তাদের থাকবে, যেমন, এন্‌ভায়রন্‌মেন্টাল হেল্‌থ অফিসার, ট্রেডিং স্ট্যান্ডার্ডস অফিসার অথবা স্থানীয় কমিউনিটি সাপোর্ট অফিসার।

**এই আইন কি শুধু সিগারেটের ক্ষেত্রে প্রযোজ্য?** না। যেসব জিনিষের থেকে কেউ ধূমপান করতে পারেন সেসব কিছুই এই আইনের আওতায় পড়ে। মেশিনে তৈরী সিগারেট, হাতে বানানো সিগারেট, পাইপ, চুরুট, ভেষজ সিগারেট এবং (শিষা, হুকা এবং হাব্‌লবাব্‌ল পাইপ সমেত) জল ভর্তি পাইপ এর মধ্যে পড়ে।

**আমি কি তবুও কর্মচারীদের জন্য একটা ধূমপান করার ঘর রাখতে পারব?** না। কিন্তু, যদিও আপনার পক্ষে এটা বাধ্যতামূলক নয়, তবুও আপনি ঘরবাড়ির বাইরে একটা ধূমপানের জন্য ছাউনি রাখতে পারবেন। আপনি যদি এটা করেন, তাহলে আপনার নিশ্চিত করার দরকার হবে যে এটা যাতে 'এন্‌ক্লোজ্‌ড' বা 'সাবস্ট্যান্‌শিয়ালী এন্‌ক্লোজ্‌ড' না হয়। তাছাড়াও, আপনার হয়ত প্ল্যানিং, লাইসেন্সি পাওয়া, বিল্ডিং কন্ট্রোল, আওয়াজ এবং আর্বজনার বিষয়েও বিবেচনা করে দেখার দরকার হতে পারে।

**আমি কি আমার নিজের গাড়িতে ধূমপান করতে পারি?** হ্যাঁ। যেসব যানবাহনগুলি প্রধানতঃ ব্যক্তিগত কারণে ব্যবহার করা হয়, সেগুলি এই আইনের আওতার মধ্যে পড়ে না।

**আমি একটা কাজের গাড়ি অন্য একজন ধূমপানকারীর সাথে ভাগ করে ব্যবহার করি। আমরা কি তাহলে ধূমপান করতে পারব?** না। ধূমপানকারী এবং যারা ধূমপান করেন না তাদের সকলকেই পরোক্ষভাবে পাওয়া ধোঁয়ার থেকে রক্ষা করার উদ্দেশ্যে এই আইনটা তৈরী করা হয়েছে। শুধুমাত্র সেইসব কাজের যানবাহনে ধূমপান করতে দেওয়া যাবে যেগুলি শুধুমাত্র একজন চালক ব্যবহার করেন এবং অন্য কেউ সেটা কাজের জন্য চালান না বা চড়েন না।

**আমি আমার বাসস্থান থেকে কাজ করি। এটার কি ধোঁয়াহীন হওয়ার প্রয়োজন আছে?** যদি একজনের বেশী লোক একটা ব্যক্তিগত বাসস্থানের কোন অংশ শুধুমাত্র কাজের জায়গা হিসাবে ব্যবহার করে, তাহলে সেটাকে ধোঁয়াহীন হতে হবে।

**ভলান্টারী কাজের জন্য যেসব ঘরবাড়ি ও যানবাহন ব্যবহার করা হয়, এই নতুন ধোঁয়াহীন আইন কি সেগুলির প্রতি প্রযোজ্য?** হ্যাঁ, এই নতুন আইন, ভলান্টারী কাজ সমেত, সব কাজের ক্ষেত্রেই প্রযোজ্য।

**আমি মাঝে মাঝে আমার ব্যক্তিগত গাড়িটা ভলান্টারী কাজের জন্য ব্যবহার করি। এটার কি ধোঁয়াহীন হওয়ার দরকার আছে?** না। যেসব যানবাহনগুলি প্রধানতঃ ব্যক্তিগত কারণে ব্যবহার করা হয়, সেগুলির ধোঁয়াহীন হওয়ার দরকার নেই।

**হেরিটেজ্‌ (ঐতিহ্যবাহী) বাড়িগুলিতে কি ধূমপান-নিষেধের বিজ্ঞপ্তি ও চিহ্নগুলির প্রয়োজন আছে?** যেসব ঘরবাড়ির ধোঁয়াহীন হওয়া দরকার, সেইসব ঘরবাড়িতে প্রবেশপথে, এই নতুন আইনের প্রয়োজন মিটাতে পারে এরকম ধূমপান-নিষেধের বিজ্ঞপ্তি ও চিহ্ন, প্রবেশপথে চোখে পড়ার মতন করে প্রদর্শন করতে হবে। ঘরবাড়ির সাজ অনুযায়ী মানানসই রকমের বিজ্ঞপ্তি ও চিহ্নের নক্‌শা করা ও প্রদর্শন করার উপায় পছন্দ করে নেওয়ার ক্ষমতা এই আইনে দেওয়া হয়েছে।

**আমি আরও তথ্য কোথায় পেতে পারি?** আরও তথ্যের জন্য, **smokefreeengland.co.uk** ঠিকানায় গিয়ে দেখবেন অথবা **0800 169 169 7** নম্বরে স্মোকফ্রী ইংল্যান্ড-এর তথ্যের লাইনে টেলিফোন করবেন। তাছাড়াও, আপনি উপদেশ ও সহায়তার জন্য আপনার স্থানীয় কাউন্সিলকে জিজ্ঞাসা করতে পারেন।

NHS

# ধোঁয়াহীন নীতি

## উদ্দেশ্য

পরোক্ষভাবে পাওয়া ধোঁয়ার থেকে সব কর্মচারী, পরিষেবা ব্যবহারকারী, খরিদ্দার এবং অতিথিদের রক্ষা করার জন্য এবং হেল্‌থ এ্যাক্ট 2006কে মেনে চলতে সাহায্য করার উদ্দেশ্যে এই আইনটা গড়ে তোলা হয়েছে।

পরোক্ষভাবে পাওয়া ধোঁয়ার মধ্যে থাকলে, ফুসফুসের ক্যান্সার, হার্টের অসুখ এবং অন্যান্য গুরুতর অসুখের ঝুঁকি বেড়ে যায়। একই হাওয়ার জায়গার মধ্যে হাওয়া চলাচলের ব্যবস্থা এবং ধূমপানকারী ও যারা ধূমপান করেন না, তাদের আলাদা রাখলেও, সম্ভাব্য বিপজ্জনক ধোঁয়ার মধ্যে থাকা সম্পূর্ণভাবে এড়ানো যায়না।

## নীতি

কম্পানীর নাম লিখুন

এই.....................................................................-এর নীতি হচ্ছে যে আমাদের সব কাজের জায়গাগুলি ধোঁয়াহীন হবে, এবং সব কর্মচারীদের একটা ধোঁয়াহীন পরিবেশে কাজ করার অধিকার আছে। রবিবার 1লা জুলাই 2007 তারিখ থেকে এই নীতিটা কার্যকরী হবে। কাজের ঘরবাড়িতে, সব এনক্লোজড় (আবদ্ধ) এবং সাবস্ট্যান্শিয়ালী এনক্লোজড় (প্রধানতঃ আবদ্ধ) জায়গায় ধূমপান নিষিদ্ধ। এর মধ্যে কম্পানীর যানবাহনগুলিও পড়ে। সব কর্মচারী, কন্‌সাল্‌ট্যান্ট, কন্ট্র্যাক্টর, খরিদ্দার বা সদস্য এবং অতিথিদের ক্ষেত্রেই এই নীতি প্রযোজ্য।

## কাজে পরিণত করা

ম্যানেজারের নাম লিখুন

নীতিকে কাজে পরিণত করা এবং এর পুনর্বিচার করার সামগ্রিক দায়িত্ব হচ্ছে.....................................................................-এর। তবে, সব কর্মচারীদের এই নীতি মেনে চলতে হবে এবং এটা কাজে পরিণত করার ব্যাপারে সহায়তা করতে হবে। ওপরে যার নাম দেওয়া হয়েছে তিনি সব কর্মচারী, কন্‌সাল্‌ট্যান্ট, কন্ট্র্যাক্টরদের এই নীতি এবং এটা কাজে পরিণত করা ও এর ওপর নজর রাখার ব্যাপারে তাদের ভূমিকার কথা জানাবেন। সব নতুন কর্মচারীদের নিয়োগ করা/ইন্‌ডাক্‌শনের সময় তিনি এই নীতির একটা কপি (প্রতিলিপি) দেবেন।

উপযুক্ত ‘ধূমপান নিষেধের’ বিজ্ঞপ্তি ও চিহ্ন পরিষ্কারভাবে ঘরবাড়ির প্রবেশপথে ও ভিতরে এবং সব ধোঁয়াহীন যানবাহনে প্রদর্শন করা হবে।

## অমান্য করা

কর্মচারীদের মধ্যে কেউ এই নীতি না মানলে স্থানীয় ডিসিপ্লিনারী পদ্ধতি অবলম্বন করা হবে। যারা এই ধোঁয়াহীন আইন অমান্য করবেন, তাদের হয়ত একটা নির্দিষ্ট পরিমাণ জরিমানাও করা হতে পারে এবং তাদের বিরুদ্ধে ফৌজদারী মামলা আনা সম্ভব।

## ধূমপান করা থামাতে সাহায্য

ধূমপানকারীদের ছেড়ে দিতে সাহায্য করার উদ্দেশ্যে, ন্যাশনাল হেল্‌থ সার্ভিস বিনাপয়সায় অনেক রকমের সার্ভিস (পরিষেবা) দেয়। বিস্তারিত তথ্যের জন্য, gosmokefree.co.uk ঠিকানায় গিয়ে দেখবেন অথবা 0800 169 0 169 নম্বরে এন্‌এইচ্‌এস-এর স্মোকিং হেল্পলাইনে টেলিফোন করবেন। তা নাহলে আপনার স্থানীয় এন্‌এইচ্‌এস-এর স্টপ স্মোকিং সার্ভিস খুঁজে পাওয়ার জন্য 88088 নম্বরে 'GIVE UP' এবং আপনার সম্পূর্ণ পোস্টকোডটা টেক্সট করবেন।

সই ..................................................................................................... তারিখ ..............................................

কম্পানীর নাম লিখুন

কম্পানীর তরফে......................................................................................

SMOKEFREE

# ধোঁয়াহীন জায়গায়

# ধূমপান করার ব্যাপারে কি উপায় করা হবে

আপনার ওপর কোন ধোঁয়াহীন জায়গার এবং/অথবা যানবাহনের পরিচালনার ভার থাকলে, সেখানে লোককে ধূমপান করা থেকে বিরত করাটা হচ্ছে আপনার আইনগত দায়িত্ব। যদি কেউ আপনার পরিচালিত কোন ঘরবাড়িতে বা যানবাহনে ধূমপান করেন, তাহলে তাদের সাথে আপনি কিভাবে কাজ করবেন সে বিষয়ে কিছু ব্যবহারিক ধাপ এখানে দেওয়া হয়েছে।

**ধূমপান-নিষেধের চিহ্নটা দেখিয়ে সেই লোকটিকে ধূমপান বন্ধ করতে বলবেন অথবা বাইরে যেতে বলবেন।**

↓

**তাদের বলবেন যে তাদের ধূমপান করতে দিলে আপনি একটা অপরাধ করবেন, এবং তারা একটা ধোঁয়াহীন ঘরবাড়িতে বা যানবাহনে ধূমপান করে আইনভঙ্গ করছেন এবং আপনাদের দুই পক্ষকেই জরিমানা করা হতে পারে।**

↓

**কোন কর্মচারী যদি ধূমপান বন্ধ করতে রাজী না হন**

↓

**এই নতুন আইন যে তাদের থেকে পাওয়া ক্ষতিকারক ধোঁয়ার থেকে কর্মচারী ও জনসাধারণকে রক্ষা করার জন্যই, তা তাদের মনে করিয়ে দেবেন।**

↓

**প্রয়োজন হলে, আপনার কম্পানীর ধোঁয়াহীন নীতি অমান্য করার জন্য আপনার ডিসিপ্লিনারী পদ্ধতি প্রয়োগ করবেন।**

**কোন খরিদ্দার যদি ধূমপান বন্ধ করতে রাজী না হন**

↓

**বুঝিয়ে বলবেন যে তারা ধূমপান করা চালিয়ে গেলে, কর্মচারীরা তাদের পরিষেবা দেবে না, এবং তাদের আপনার ঘরবাড়ি ছেড়ে চলে যেতে বলা হবে।**

↓

**তারা যদি চলে না যান, তাহলে সমাজ-বিরোধী বা বেআইনী আচরণ সংক্রান্ত আপনার প্রচলিত পদ্ধতি প্রয়োগ করবেন।**

↓

**কোথায় এবং কবে এই ঘটনাটি ঘটেছিল, এই ঘটনার সাথে জড়িত লোকটির নাম এবং ফলাফলটা লিখে রাখবেন।**

ধূমপানরত লোকটি যদি শারীরিক আক্রমণের হুমকি দেয়, তাহলে আমাদের মতে আপনার পুলিসকে তা জানানো এবং/অথবা তাদের সাহায্য চাওয়া উচিত।

# চেক্‌লিস্ট (মিলিয়ে দেখার তালিকা)

রবিবার 1লা জুলাই 2007 তারিখে যখন ইংল্যান্ড ধোঁয়াহীন হয়ে যাবে, তখন আপনাকে এই জিনিষগুলি করতে হবে:

- ☑ আইন অনুসারে, ঘরবাড়ি এবং যানবাহনগুলিকে যে ধোঁয়াহীন হতে হবে সে বিষয়ে কর্মচারী, খরিদ্দার, সদস্য এবং অতিথিরা যে সচেতন তা নিশ্চিত করার উদ্দেশ্যে সঙ্গত ব্যবস্থা নিতে হবে
- ☑ ঘরবাড়ির ভিতরে বর্তমানে কোন ধূমপানের ঘর থাকলে তা বন্ধ করে দিতে হবে
- ☑ ধোঁয়াহীন ঘরবাড়ি ও যানবাহনে 'ধূমপান-নিষেধের' চিহ্ন প্রদর্শন করতে হবে
- ☑ ধোঁয়াহীন ঘরবাড়ি ও যানবাহনে কেউ যাতে ধূমপান না করেন তা নিশ্চিত করতে হবে।

তাছাড়াও, আপনি হয়ত নিচের জিনিষগুলি করতে চাইতে পারেন:

- ☑ কর্মচারীদের সাথে পরামর্শ করে একটা ধোঁয়াহীন নীতি গড়ে তুলতে পারেন
- ☑ আপনার কর্মচারী ও খরিদ্দারদের ধূমপান করা ছেড়ে দেওয়ার ব্যাপারে সহায়তা করতে পারেন।

## স্মোকফ্রী ইংল্যান্ড-এর তথ্যের লাইন

# 0800 169 169 7

## আমাদের ওয়েবসাইটে যান

# smokefreeengland.co.uk

# যারা ছেড়ে দিতে চাইছেন,
# সেই ধূমপানকারীদের জন্য সাহায্য

ধূমপানকারীদের প্রায় 70%ই ধূমপান করা বন্ধ করতে চান এবং এই ধোঁয়াহীন আইন এতে আরও উৎসাহ যোগাতে পারে। আপনি যদি আপনার কর্মচারী ও খরিদ্দারদের ধূমপান করা বন্ধ করতে সাহায্য করতে চান, তাহলে এন্এইচ্এস্-এর (ন্যাশনাল হেল্থ সার্ভিসের) কাছ থেকে বিনাখরচে অত্যন্ত ভাল সহায়তা পেতে পারেন। এর মধ্যে আছে:

- **স্থানীয় এন্এইচ্এস্-এর স্টপ স্মোকিং সার্ভিস –** আপনার স্থানীয় সার্ভিস (পরিষেবা) খুঁজে পাওয়ার জন্য, 0800 169 0 169 নম্বরে এন্এইচ্এস্-এর স্মোকিং হেল্পলাইনে বিনাখরচে টেলিফোন করবেন, **gosmokefree.co.uk** ঠিকানায় দেখবেন, 88088 নম্বরে 'GIVE UP' এবং আপনার সম্পূর্ণ পোস্টকোডটা টেক্সট করবেন অথবা আপনার স্থানীয় জিপির প্র্যাক্টিসে, ফার্মাসীতে অথবা হাসপাতালে জিজ্ঞাসা করবেন।
- **এন্এইচ্এস্-এর স্মোকিং হেল্পলাইন –** 0800 169 0 169 নম্বরে টেলিফোন করে, যে কোন লোক একজন বিশেষজ্ঞ উপদেষ্টার সাথে কথা বলতে পারবেন (রোজ সকাল 7টা থেকে রাত 11টা পর্যন্ত এই লাইনগুলি খোলা থাকে)
- **gosmokefree.co.uk –** ধূমপান থামানোর জন্য এবং থেমে থাকার উদ্দেশ্যে সব প্রয়োজনীয় উপদেশ, তথ্য এবং সহায়তার জন্য একটা অন্লাইনের সুবিধা।
- **টুগেদার –** এই সহায়তার কার্যক্রমে বিনাখরচে যোগদান করা যায়, এবং চিকিৎসাশাস্ত্র সংক্রান্ত গবেষণা এবং যারা আগে ধূমপান করতেন তাদের উপলব্ধি করা তথ্য ব্যবহার করে ধূমপান বন্ধ করতে ব্যক্তিবিশেষকে সাহায্য করার উদ্দেশ্যে এই কার্যক্রমকে গড়ে তোলা হয়েছে। আপনি ইমেইল, টেক্সট মেসেজ, ডাকযোগে প্যাক্ পাওয়া এবং টেলিফোনে যোগাযোগ পছন্দ করে নিতে পারেন। বিস্তারিত তথ্যের জন্য, 0800 169 0 169 নম্বরে টেলিফোন করবেন অথবা **gosmokefree.co.uk** ঠিকানায় গিয়ে দেখবেন।
- কাজের সময়ে বা তার বাইরে, তাদের কর্মচারীদের সহায়তা পাওয়ার ব্যাপারে নিয়োগকারীরা তাদের স্থানীয় এন্এইচ্এস্-এর স্টপ স্মোকিং সার্ভিসের সাথে কথা বলতে পারেন।

ইংল্যান্ড-এর এই নতুন ধোঁয়াহীন আইন সম্বন্ধে আরও তথ্যের জন্য অথবা অন্যান্য আকারে এই তথ্য পাওয়ার জন্য, **smokefreeengland.co.uk** ঠিকানায় আমাদের ওয়েবসাইট দেখবেন, অথবা **0800 169 169 7** নম্বরে স্মোকফ্রী ইংল্যান্ড-এর তথ্যের লাইনে টেলিফোন করবেন, অথবা আপনার স্থানীয় কাউন্সিলের সাথে যোগাযোগ করবেন।

281238/0407/6000BZ

SMOKEFREE